

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৭৭
আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ২৭ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘৩ মাস ধরে কেন্দ্রের টাকা আসছে না - রাজ্যের স্কুলগুলিতে মিড-ডে-মিলের খাবারে পুষ্টিগুণ নিয়ে উঠলো প্রশ্ন’ শিরোনামে প্রকাশিত সংবাদটির প্রতি বিদ্যালয় শিক্ষা দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংবাদের প্রতিবাদ জানিয়ে দপ্তর থেকে বলা হয়েছে- ১) প্রাইমারি সেকশনে পিএমপোষণ প্রকল্পে প্রতিটি শিশুর জন্য দিনপ্রতি ৫.৪৫ টাকা এবং আপার প্রাইমারি সেকশনে শিশু প্রতি ৮.১৭ টাকা দেওয়া হয়। এই টাকা দিয়ে ১ম থেকে ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের রান্না করা পুষ্টিকর খাদ্য প্রদান করা হয়।

২) প্রতিটি বিদ্যালয়ে রান্নার পর সেই খাবার একজন কুক-কাম-হেল্পার, একজন শিক্ষক ও একজন অভিভাবক খেয়ে পরীক্ষা করেন। তারপর শিশুদের খেতে দেওয়া হয়। তাছাড়া সময় সময় ফুড সেফটি অফিসার এই খাদ্য পরীক্ষা করে দেখেন।

৩) পিএম পোষণ প্রকল্পে ২০২৪ এর জুলাই পর্যন্ত খাদ্য উপাদানের খরচ দেওয়া হয়েছে এবং আগস্ট-সেপ্টেম্বর, ২০২৪ এর খরচও শীঘ্রই দেওয়া হবে। বিদ্যালয় শিক্ষা দপ্তর পিএমপোষণ সঠিকভাবে বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ বলে জানিয়েছে দপ্তর।
